



স্বাধীনতা দিবসে স্মৃতিসৌধে বিরোধীদলীয় নেতার শ্রদ্ধা



স্মৃতিসৌধে বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের শ্রদ্ধা। সংগৃহীত ছবি

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে সাভারের জাতীয় স্মৃতিসৌধে শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। বৃহস্পতিবার (২৬ মার্চ) ভোরে তিনি পুষ্পস্তবক অর্পণ করে দোয়া করেন। জামায়াতে ইসলামীর পক্ষ থেকে জানানো হয়, রাষ্ট্রীয় কর্মসূচির অংশ হিসেবেই তিনি স্মৃতিসৌধে উপস্থিত হয়ে শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় তার সঙ্গে ছিলেন জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক ও বিরোধী দলের চিফ হুইপ নাহিদ ইসলামসহ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নেতারা। উপস্থিত ছিলেন এটিএম আজহারুল ইসলাম, মিয়া গোলাম পরওয়ার, মাওলানা রফিকুল ইসলাম খান, মোবারক হোসাইন, নূরুল ইসলাম বুলবুল, ড. শফিকুল ইসলাম মাসুদ এবং কামাল হোসেন। এর আগে একই দিনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী তারেক রহমান স্মৃতিসৌধে শ্রদ্ধা জানান। তারা পুষ্পস্তবক অর্পণের পর কিছু সময় নীরবে দাঁড়িয়ে থেকে ১৯৭১ সালের বীর শহিদদের স্মরণ করেন।

পরে সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীর সমন্বয়ে একটি দল রাষ্ট্রীয় অভিযান জানায়। এরপর প্রধানমন্ত্রী মন্ত্রিসভার সদস্যদের সঙ্গে নিয়ে পুনরায় শ্রদ্ধা নিবেদন করেন।